দৈনিক সংবাদ

FEB. 1 5 2002

# পাবনায় অধ্যক্ষের ওপর হামলার প্রতিবাদে সড়ক অবরোধ

**পাবনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** বৃহস্পতিবার পাবনার এম মনসুর আলী কলেজের অধ্যক্ষের ওপর হামলার প্রতিবাদে এবং সন্ত্রাসীদের গ্রেফতারের দাবিতে হাজার হাজার মানুষ পাবনা-সুজানগর সড়ক ৬ ঘণ্টা অবরোধ করে রাখে। পরে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে সন্ত্রাসীদের গ্রেফতারের আশ্বাস দিলে জনতা অবরোধ তুলে নেয়।

সকাল ৭টা থেকে শ্রীকোল, সাদুল্লাপুর, খালিসপুর, চমরপুর, দড়িশ্রীকোল, চরপাড়া, তারাবাড়িয়া, কাঁচিপাড়া, টাটিপাড়া, কোলচড়ি, ভাদুরিডাঙ্গি, পাটোয়া ও আশপাশের ১৫টি গ্রামের পাঁচ সহস্রাধিক মানুষ, সমবেত হয়ে পাবনা-সুজানগর সড়কের প্রায় ৫ কিলোমিটার রাস্তা ৬ ঘণ্টা অবরোধ করে রাখে। এএসপি গিরিন চন্দ্র দাস, পাবনা সদর ও সুজানগরের পুলিশ ঘটনাস্থলে গিয়ে ৪৮ ঘণ্টার মধ্যে সন্ত্রাসীদের গ্রেফতারের আশ্বাস দিলে জনতা অবরোধ তুলে নেয়।

উল্লেখ্য, গত ৭ই ফেব্রুয়ারি বিএনপির একদল সন্ত্রাসী শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে শহীদ এম মনসুর আলী কলেজে হামলা চালায় এবং শিক্ষক-কর্মচারীদের মারধর ও কলেজ অধ্যক্ষ আবদুল মান্নান খানকে গুরুতর আহত করে।